# আশ-শামস | Ash-Shams | ٱلشَّمْس

আয়াতঃ ৯১ : ১

## আরবি মূল আয়াত:

وَ الشَّمۡسِ وَ ضُحٰهَا ﴿۱﴾

## অনুবাদসমূহ:

কসম সূর্যের ও তার কিরণের। — আল-বায়ান

শপথ সূর্যের ও তার (উজ্জ্বল) কিরণের, — তাইসিরুল

শপথ সূর্যের যখন সে আচ্ছন্ন করে, — মুজিবুর রহমান

By the sun and its brightness — Sahih International

### ১. শপথ সূর্যের এবং তার কিরণের(১),

(১) এখানে ضحى শব্দটি شمس এর বিশেষণ। এ শব্দের কয়েকটি অর্থ হতে পারে। একটি অর্থ হলো দিন, দিনের প্রথমভাগ। [মুয়াসসার, তাবারী] এর আরেকটি অর্থ হতে পারে, তা হলো, আর শপথ সূর্যের কিরণ বা আলোর। [সা’দী, জালালাইন]

তাফসীরে জাকারিয়া

### ১ । শপথ সূর্যের এবং তার (দিনের প্রথম ভাগের) কিরণের। [1]

[1] চাশতের সময় অথবা সূর্যের কিরণের কসম। অথবা ‘যুহা’ বলতে দিনকে বোঝানো হয়েছে। অর্থাৎ, সূর্য এবং দিনের কসম।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=6044

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন